



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৩৩.২০২১. ১৪০২

তারিখ: ১৬/১১/২০২১ খ্রি.

**বিষয়: ২০২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের বার্ষিক ও প্রাক-নির্বাচনী পরীক্ষার ফলাফল প্রকাশ।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ২০২২ শিক্ষাবর্ষে সরকারি ও বেসরকারি (মহানগর ও জেলা পর্যায়ে) মাধ্যমিক বিদ্যালয়ে ১ম শ্রেণি হতে ৯ম শ্রেণি পর্যন্ত অনলাইন লটারির মাধ্যমে শিক্ষার্থী ভর্তির নিমিত্ত আগামী ২৫ নভেম্বর ২০২১ খ্রি. হতে ০৮ ডিসেম্বর ২০২১ খ্রি. পর্যন্ত ভর্তি ইচ্ছুক শিক্ষার্থীদের নিকট হতে আবেদন ফরম সংগ্রহ করা হবে এবং ১৫ ডিসেম্বর ২০২১ তারিখ সরকারি মাধ্যমিক বিদ্যালয় ও ১৯ ডিসেম্বর ২০২১ বেসরকারি (মহানগর ও জেলা পর্যায়ে) মাধ্যমিক বিদ্যালয়ের আবেদনকৃত শিক্ষার্থীদের অনলাইন লটারির দিন ধার্য রয়েছে। এ কারণে আপনার আওতাধীন সকল সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের ২০২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের বার্ষিক ও প্রাক-নির্বাচনী পরীক্ষার ফলাফল আগামী ১০/১২/২০২১ খ্রি. তারিখের মধ্যে প্রকাশ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**বিষয়টি অতীব জরুরি।**

স্বাক্ষরিত/-


প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক  
মহাপরিচালক

উপপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (সরকারি ও বেসরকারি মাধ্যমিক-১)]
- ২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সকল
- ৩। জেলা প্রশাসক, সকল
- ৪। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা  
[পত্রটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ৬। জেলা শিক্ষা অফিসার, সকল [পত্রানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
- ৭। উপজেলা নির্বাহী অফিসার, সকল
- ৮। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল [পত্রানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
- ৯। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, সকল সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান [পত্রানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
- ১০। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা  
[মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ১১। সংরক্ষণ নথি

  
১৬. ১১. ২০২১

(মোহাম্মদ আজিজ উদ্দিন)

উপপরিচালক (মাধ্যমিক)

০২-৪১০৫০২৮৩

[dd-sec@dshe.gov.bd](mailto:dd-sec@dshe.gov.bd)